

পরিচর্যা ও সুযোগের জন্য একটি পরিকল্পনা



অন্টারিওর বাজেট 2018: শীর্ষ 10টি উল্লেখযোগ্য বিষয়

এই প্রদেশের পরিকল্পনায় অন্তর্ভুক্ত রয়েছে স্বাস্থ্যসেবা, চাইল্ড কেয়ার, গৃহ পরিচর্যা ও মানসিক স্বাস্থ্যের ক্ষেত্রে উল্লেখযোগ্য নতুন বিনিয়োগ, এবং প্রদেশজুড়ে জনগণের জন্য আরো সুযোগ তৈরির জন্য নতুন ব্যবস্থা গ্রহণ করা। উল্লেখযোগ্য অংশগুলোর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:

1. 65 বছর ও তারচেয়ে বেশি বয়সী সবার জন্য OHIP+ এর মাধ্যমে বিনামূল্যে প্রেসক্রিপশনের ওষুধ প্রদান করা



65 বছর ও তারচেয়ে বেশি বয়সী সবার জন্য প্রেসক্রিপশনের ওষুধ সম্পূর্ণ বিনামূল্যে প্রদান করা হবে, যা প্রত্যেক প্রবীণ নাগরিকের প্রয়োজনীয় ওষুধ পাওয়ার বিষয়টি নিশ্চিত করবে। ‘অন্টারিও ড্রাগ বেনেফিট’-এর বার্ষিক ডিডাক্টিবল ও কো-পে বাতিল করার মাধ্যমে, অন্টারিওর একজন প্রবীণ নাগরিকের বছরে গড়ে \$240 ডলার সাশ্রয় হবে। অন্টারিওর 2017 সালের বাজেটে 25 বছরের কম বয়সী সবার জন্য ফ্রি প্রেসক্রিপশনের ওষুধ চালু করার পর OHIP+ এর এই সম্প্রসারণ করা হয়েছে।

2. আরো বেশি চাইল্ড কেয়ার, আরো বেশি অপশন



আড়াই বছর বয়সী শিশুরা কিন্ডারগার্টেনের জন্য যোগ্য হওয়ার আগে পর্যন্ত তাদের জন্য বিনামূল্যে প্রিন্সুপল চাইল্ড কেয়ার চালু করার মাধ্যমে আরো সাশ্রয়ী মানসম্পন্ন চাইল্ড কেয়ার প্রদান করা হবে। এর ফলে একটি সন্তান রয়েছে এমন পরিবারের গড়ে \$17,000 সাশ্রয় হবে, এবং পূর্ণ-দিবস কিন্ডারগার্টেন থেকে পরিবারগুলোর যা সাশ্রয় হবে এটি তার সাথে যোগ হবে। প্রাক শৈশবকালীন শিক্ষা শিশুদের অ্যাকাডেমিক নৈপুণ্যকে আজীবন উন্নত করে থাকে বলে দেখা গেছে।

3. অন্টারিওতে ওষুধ ও দাঁতের চিকিৎসা সংক্রান্ত নতুন কর্মসূচি



অন্টারিওতে ওষুধ ও দাঁতের চিকিৎসা সংক্রান্ত নতুন কর্মসূচি চালু করা হচ্ছে, যার মাধ্যমে যারা অফিস থেকে স্বাস্থ্য সুবিধা পান না অথবা OHIP+ বা অন্য কোনো সরকারি কর্মসূচি থেকে কভারেজ পান না তারা প্রতি বছর উপযুক্ত প্রেসক্রিপশনের ওষুধ ও দাঁতের চিকিৎসার খরচের শতকরা 80 (আশি) ভাগ ফেরত পাবেন — অবিবাহিত ব্যক্তির জন্য সর্বোচ্চ \$400 ডলার, প্রত্যেক দম্পতির জন্য \$600 ডলার এবং দু’টি ছেলেমেয়েসহ চারজনের পরিবারের জন্য \$700 ডলার।



4. সিনিয়র্স হেলদি হোম কর্মসূচি

নতুন 'সিনিয়র্স হেলদি হোম' কর্মসূচি চালু করা হচ্ছে। এটি বয়স্ক প্রবীণ ব্যক্তিদের বাড়িতে বসবাস করার সাথে (যেখানে তারা থাকতে চান) সংশ্লিষ্ট খরচ চিহ্নিত করে থাকে। 75 বছর বা তারচেয়ে বেশি বয়সী ব্যক্তিদের নেতৃত্বে পরিচালিত যোগ্য পরিবারগুলোকে এটি বছরে সর্বোচ্চ \$750 ডলার বেনিফিট প্রদান করে যাতে তারা স্বাধীনভাবে বসবাস করতে পারেন এবং তাদের বাড়ি রক্ষণাবেক্ষণের খরচ পোষাতে পারেন।



5. শক্তিশালী হাসপাতাল, আরো ভালো পরিচর্যা

আরো ভালোভাবে পরিচর্যা পাওয়া, অপেক্ষার সময় কমানো, ধারণক্ষমতার সমস্যা সমাধান করা এবং অন্তারিওর ক্রমবর্ধমান ও বয়স বাড়তে থাকা জনগোষ্ঠীর চাহিদা আরো ভালোভাবে মেটানোর জন্য 2018-19 বছরে আরো \$822-মিলিয়ন ডলার বিনিয়োগ করে, এবং সেইসাথে হাসপাতাল তৈরি ও সংস্কারের জন্য 10 বছরে প্রায় \$19 বিলিয়ন ডলার বিনিয়োগের মাধ্যমে হাসপাতালগুলোর উন্নয়ন করা হচ্ছে।



6. মানসিক স্বাস্থ্য সংক্রান্ত বিষয়সমূহ

সারা অন্তারিওজুড়ে আরো লক্ষ লক্ষ শিশু, তরুণ-তরুণী ও প্রাপ্তবয়স্কদের জন্য আরো ভালো ও দ্রুততর মানসিক স্বাস্থ্য ও মাদকাসক্তি নিরাময় পরিষেবা প্রদান করা হবে — চার বছরের মধ্যে মোট তহবিল \$17 বিলিয়ন ডলারেরও বেশি অর্থে উন্নীত করা হবে।



7. প্রবীণদের জন্য গৃহ পরিচর্যা

তিন বছরের মধ্যে \$650-মিলিয়ন ডলার বিনিয়োগের মাধ্যমে আরো 2.8 মিলিয়ন ঘন্টা ব্যক্তিগত সহায়তা এবং আরো 284,000 নার্সিং ভিজিটসহ গৃহ ও কমিউনিটি স্বাস্থ্যসেবা পরিষেবায় আরো বেশি অ্যাক্সেস প্রদান করা হবে।



8. বৃদ্ধিগতভাবে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য প্রতিবন্ধকতা অপসারণ

অবহিত সিদ্ধান্ত গ্রহণ এবং কমিউনিটিতে সক্রিয়ভাবে অংশগ্রহণকে সম্ভব করে এমন একটি ব্যবস্থার মাধ্যমে প্রায় 47,000 বৃদ্ধিগতভাবে প্রতিবন্ধী প্রাপ্তবয়স্ক ব্যক্তির জন্য পরিষেবা জোরদারের লক্ষ্যে \$1.8 বিলিয়ন ডলার বিনিয়োগের মাধ্যমে আরো ন্যায়সঙ্গত একটি সমাজ গড়ে তোলা হবে।



9. ফ্রি টিউশনের মাধ্যমে শিক্ষার্থীদের সাফল্যে সহায়তা করা

সব বয়সের 225,000 এরও বেশি কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীর টিউশন ফি ফ্রি করে দেয়া হচ্ছে। নিম্ন- ও মধ্য-আয়ের পরিবারগুলোর শিক্ষার্থীদের জন্য বিনামূল্যে বা স্বল্পমূল্যে টিউশনের ব্যবস্থা রয়েছে; \$90,000 ডলার পর্যন্ত উপার্জনকারীদের টিউশন ফি, এবং \$175,000 পর্যন্ত উপার্জনকারী পরিবারের শিক্ষার্থীরাও আর্থিক সহায়তা পাওয়ার যোগ্য।



10. নূনতম মজুরি বাড়ানো এবং ভালো কর্মসংস্থানের ব্যবস্থা করা

নূনতম মজুরি বাড়িয়ে জানুয়ারি 1, 2018 তারিখে ঘণ্টায় \$14 ডলার, এবং জানুয়ারি 1, 2019 তারিখে ঘণ্টায় \$15 ডলার করার মাধ্যমে সারা অন্টারিওজুড়ে 1.2 মিলিয়ন ব্যক্তির জন্য দীর্ঘ প্রতীক্ষিত মজুরি বৃদ্ধি করা হচ্ছে। এছাড়াও এই প্রদেশ অন্টারিওর ব্যবসা প্রতিষ্ঠান, শিক্ষার্থী ও গ্র্যাজুয়েটদেরকে সহায়তা করার জন্য, এবং ভালো, উচ্চ-বেতনের চাকরি আকর্ষণে সহায়তা করার জন্য ভালো চাকরি ও প্রবৃদ্ধির পরিকল্পনার মাধ্যমে তিন বছরের মধ্যে \$935 মিলিয়ন ডলারের নতুন তহবিল প্রদান করছে।